



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২৪৮৮৯১০৮৫-৫১
ফ্যাক্স: ০২২৪৮৮৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ডি নথির ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ শৈর্ষক কর্মশালা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৪ জুন ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে ডি নথির ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ শৈর্ষক কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) ল্যাবে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সমাজবিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগ, আইন অনুষদ এবং আইবিএ-জেইউ এর শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক। প্রধান অতিথির বক্তব্যে উপ-উপাচার্য (প্রশাসন) বলেন, ডি নথি বিষয়ে জানা এবং এর প্রয়োগ গুরুত্বপূর্ণ। প্রযুক্তি উন্নয়নের সাথে কর্মক্ষেত্রের সকল পুরাতন পদ্ধতি বদলে যাচ্ছে এবং মানুষ প্রযুক্তি উন্নয়নের সাথে নিজেদের সম্পৃক্ত করে নিচ্ছে। ডি নথি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা নিজেদেরকে আরও এগিয়ে নিতে পারবে। ডি নথির মাধ্যমে কাজ দ্রুত ও স্বচ্ছ হবে এবং জবাবদিহিতাও বাড়বে। এতে সর্বোপরি দেশ এগিয়ে যাবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক বশির আহমেদ, আইন অনুষদের ডিন তাপস কুমার দাস, ইনসিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ) পরিচালক অধ্যাপক ড. কে এম জাহিদুল ইসলাম, আইআইটি'র পরিচালক অধ্যাপক ড. এম শামীম কায়সার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান।

১০/৬/২০২৪
মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

